*THE BANGLADESH OBSERVER*

তারিখ ........................
পৃষ্ঠা ৭ কলাম ......

# বিজ্ঞাপন প্রকাশের নীতিমালা সংক্রান্ত বিজ্ঞপ্তি

লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত দপ্তর বিজ্ঞাপন প্রকাশের ক্ষেত্রে ১৮-০৫-৮৭ তারিখের ৫৭৭/৮২-সচিব/২৫২৮৯ স্মারকমূলে জারীকৃত বিদ্যমান বিজ্ঞাপন নীতিমালা লংঘন করে চলেছে। এ বিষয়ে ইতঃপূর্বে একাধিকবার নীতিমালা অনুসরণের জন্য তাগিদ দেয়া সত্ত্বেও অবস্থার আশানুরূপ উন্নতি হয়নি। এমতাবস্থায় বিজ্ঞাপন প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলের অবগতি ও নিম্নরূপ পদ্ধতি অনুসরনের জন্য পুনর্বার অনুরোধ করা হল :

১. সকল সরকারি দপ্তর এবং ব্যাংক, বীমা, কর্পোরেশনসহ সকল আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বিজ্ঞাপন নীতিমালার আওতাভুক্ত। এসকল দপ্তরের বিজ্ঞাপন (দরপত্র বা কোটেশন, আইনগত নোটিশ, সাধারণ গণবিজ্ঞপ্তি, চাকুরীর বিজ্ঞপ্তি ইত্যাদি) নিয়মানুযায়ী সাধারণভাবে বিজ্ঞাপনে উল্লিখিত সর্বশেষ তারিখ/ সিডিউল বিক্রির সর্বশেষ তারিখের ন্যূনতম ১৫ (পনের) দিন পূর্বে এবং আন্তর্জাতিক বিজ্ঞপ্তির ক্ষেত্রে ৫ (পাঁচ) সপ্তাহ পূর্বে যথাযথ স্বাক্ষর ও প্রয়োজনীয় সত্যায়নসহ কোনোরূপ কাটা-ছেঁড়া ও ফ্লুইড ব্যবহার ব্যতিরেকে সিনিয়র সহকারী সচিব (বিজ্ঞাপন), কক্ষ নং ৮০৭ , ভবন নম্বর ৪, তথ্য মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ বরাবর ডাক অথবা বাহক মারফত (পরিবর্তিত সময়সূচি অনুযায়ী বিকেল ১ টার মধ্যে) পৌঁছাতে হবে।

২. সংশোধনী বিজ্ঞাপনের ক্ষেত্রে মূল বিজ্ঞাপনের সময় শেষ হওয়ার পূর্বেই (প্রয়োজনে সময় বৃদ্ধি পূর্বক) মূল বিজ্ঞাপনের অগ্রগামী পত্রের স্মারক নম্বর ও তারিখ ( জানা থাকলে ডিএফপি নম্বর) এর উল্লেখ করতঃ সংশোধনী বিজ্ঞাপন বিধি মোতাবেক ১৫ দিন পূর্বে উল্লিখিত ঠিকানায় প্রেরণ করতে হবে।

৩. "উপজেলা" বিজ্ঞাপন-নীতিমালা বহির্ভূত। পলাতক আসামীদের আদালতে হাজিরকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি বিজ্ঞাপনদাতা কর্তৃক সরাসরি ১টি জাতীয় দৈনিক ও ১টি স্থানীয় দৈনিক পত্রিকায় প্রকাশের নিয়ম রয়েছে। এছাড়া প্রেস বিজ্ঞপ্তি ও প্রতিবাদলিপি প্রচলিত বিজ্ঞাপনের আওতাভুক্ত বিষয় নয়। এক্ষেত্রে প্রেস বিজ্ঞপ্তি তথ্য অধিদপ্তরে এবং প্রতিবাদলিপি পত্রিকা কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।

৪. ঢাকার বাইরের দপ্তর অনধিক একলক্ষ টাকা মূল্যমানের কাজের দরপত্র বিজ্ঞপ্তি, স্থানীয়ভাবে নিয়োগ বিজ্ঞপ্তি , জরুরী গণবিজ্ঞপ্তি ইত্যাদি সরকারি তালিকাভুক্ত সংবাদপত্রে সরাসরি প্রকাশ করতে পারবে।

৫. চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (ডিএফপি) এর মাধ্যমে প্রকাশিত সরকারি দপ্তরের সকল বিজ্ঞাপনের বিল-চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের বিজ্ঞাপন বাজেট থেকে নির্বাহ হয়। পক্ষান্তরে আধাসরকারি ও স্বায়ত্বশাসিত দপ্তরের বিজ্ঞাপন ডিএফপি'র মাধ্যমে প্রকাশিত হলেও এর ব্যয়ভার সংশ্লিষ্ট বিজ্ঞাপনদাতা কর্তৃপক্ষ বহন করে।

৬. প্রতিটি বিজ্ঞাপন পৃথক অগ্রগামীপত্রে ৯ (নয়) কপি ম্যাটারসহ প্রেরণ করতে হবে। তন্মধ্যে প্রয়োজন মাফিক ৬/৭ কপি বাংলা ও ২/৩ কপি ইংরেজী ম্যাটার প্রেরণ করা আবশ্যক। বিজ্ঞাপনের কপি স্পষ্ট হওয়া বাঞ্ছনীয়। একই অগ্রগামী পত্রে একাধিক বিজ্ঞাপন ও অগ্রগামী পত্রের ফটোকপি গ্রহণযোগ্য নয়।

৭. দরপত্র বিজ্ঞাপনের অগ্রগামী পত্রে অবশ্যই দরপত্র নম্বর, কাজের নাম, প্রাক্কলিত মূল্য এবং বিজ্ঞাপনের ম্যাটারে দরপত্র নম্বর, কাজের নাম (সংক্ষিপ্ত বিবরণ), প্রাক্কলিত মূল্য, সিডিউলের মূল্য, সিডিউল বিক্রি ও জমাদানের তারিখ এবং সিডিউল প্রাপ্তির স্থান সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। দরপত্র যতদূর সম্ভব সংক্ষিপ্ত হবে এবং সিডিউল ও শর্তাবলী প্রেরণের প্রয়োজন নেই। তবে গ্রুপ-তালিকা থাকলে অবশ্যই তা সংযুক্ত করতে হবে।

৮. কাজের প্রাক্কলিত মূল্য ১০ (দশ) লক্ষ টাকার নিচে হলে সিডিউলের মূল্য ৪০০/- (চারশত) টাকা এবং ১০ (দশ) লক্ষ টাকার বেশী হলে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা নির্ধারণের নিয়ম রয়েছে।

৯. নিয়মানুযায়ী ২৫ লক্ষ টাকার অধিক কাজের দরপত্র বিজ্ঞপ্তির ক্ষেত্রে সর্বোচ্চ ৬টি এবং সাধারণভাবে ৪টি পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের ইনসার্শন দেয়ার পর এতদ্‌সংক্রান্ত একটি জি. ও (যেখানে ইনসার্শনকৃত পত্রিকার নাম ও ডিএফপি নম্বর মুদ্রিত থাকে) সংশ্লিষ্ট বিজ্ঞাপন দাতা বরাবর চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের মনিটরিং শাখা থেকে প্রেরণ করা হয়। তবে ঢাকাস্থ বিজ্ঞাপন দাতা দপ্তর সংশ্লিষ্ট জি.ও. এর কপি নিজ উদ্যোগে বর্ণিত অফিসের মনিটরিং শাখা থেকে সংগ্রহ করবে।

১০. স্মরণিকা/স্যুভেনির ইত্যাদিতে প্রকাশিতব্য বিজ্ঞাপনসমূহ মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ১১২, সার্কিট হাউজ রোড, ঢাকা, বরাবর বিজ্ঞাপন প্রাপককে নিজ লেটারহেড প্যাডে জমা দিতে হবে। উল্লেখ্য, স্মরণিকা / স্যুভেনিরের জন্য রাজস্ব খাত থেকে বিজ্ঞাপন বরাদ্দের কোনো অবকাশ নেই।

১১. বিজ্ঞাপন প্রকাশের পর সংশ্লিষ্ট পত্রিকার দুইটি কপি বিজ্ঞাপন দাতা বরাবর ডাকযোগে প্রেরণের জন্য পত্রিকা কর্তৃপক্ষ নির্দেশপ্রাপ্ত এবং বিজ্ঞাপন দাতার নিকট পত্রিকার কপি প্রেরণের বিষয়টি সহ বিধি মোতাবেক মন্ত্রণালয় ও ডিএফপিতে পত্রিকার কপি প্রেরণের বিষয়টিও তাঁরা নিশ্চিত করবেন।

১২. ডিএফপি থেকে বিজ্ঞাপন প্রকাশের আদেশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট বিজ্ঞাপনের ডিএফপি নম্বর, কলাম-ইঞ্চি ও বিজ্ঞাপন প্রকাশের তারিখ উল্লেখপূর্বক নির্ধারিত ছকে একটি বিবরণী পত্রিকা কর্তৃপক্ষ তথ্য মন্ত্রণালয়, ডিএফপি এবং বিজ্ঞাপনদাতা বরাবর নিয়মানুযায়ী অবশ্যই প্রেরণ করবে।

উল্লিখিত পদ্ধতি যথাযথভাবে অনুসরণ না করার কারণে বিজ্ঞাপন প্রকাশিত না হলে এর সকল দায়-দায়িত্ব সংশ্লিষ্ট বিজ্ঞাপন দাতা কর্তৃপক্ষ বহন করবে এবং আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত দপ্তরসমূহ বিজ্ঞাপন নীতিমালা লংঘন করে সরাসরি পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করলে আর্থিক শৃঙ্খলা ভংগের সকল দায়-দায়িত্ব তাদের উপর বর্তাবে। সেই সাথে পত্রিকা কর্তৃপক্ষকে পত্রিকার কপি ও বিবরণী যথাযথ ও নিয়মিতভাবে প্রেরণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। নচেৎ বিধি মোতাবেক ব্যবস্থা গৃহীত হবে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করা যাচ্ছে।

মোঃ এনামুল হক
উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
১১২, সার্কিট হাউজ রোড, ঢাকা-১০০০
ফোন : ৯৩৩৩০৩৬

ডিএফপি - ৭৪৩৮ - ১৬/৪